দামুড়হুদাতে সড়ক দুর্ঘটনায় আহত আইনুর চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু

দামুড়হুদায় বিয়ের ফুল কিনতে যাওয়ার সময় সড়ক দুর্ঘটনায় আহত আনসার ভিডিপি সদস্য আইনুর বিশ্বাস (২৪) মারা গেছে। গতকাল শুক্রবার গুরুতর অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

গতকাল শুক্রবার সকাল ১১টার দিকে উপজেলার কোমরপুর ঈদগাহ নামক স্থানে সড়ক দুর্ঘটনায় আহত হন।

নিহত আইনুর(২৪) দামুড়হুদা উপজেলার জুড়ানপুর গ্রামের পূর্বপাড়ার আব্দুল মান্নান বিশ্বাসের ছোট ছেলে। আইনুর আনসার ভিডিপির একজন সদস্য ও পাশাপাশি পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ইলেক্ট্রেশিয়ানের কাজ করে থাকেন।গত শুক্রবার বন্ধুর ভাইয়ের বিয়ের ফুল কিনতে গিয়ে কোমরপুর ঈদগাহ নামক স্থানে সড়ক দুর্ঘটনায় দুইজন আহত হয়েছিল। আহতরা হলেন আইনুর বিশ্বাস(২৪)জুড়ানপুর গ্রামের আব্দুল মান্নান বিশ্বাসের ছেলে ও একই গ্রামের সিফাত হোসেন(১৭) সুলতান আলীর ছেলে।

পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে আইনুরের শারীরিক অবস্থা আশংকাজনক হওয়ায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। পরে আহত আইনুর বিশ্বাসের অবস্থার আরো অবনতি হলে তাৎক্ষণিক জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক রাজশাহীতে রেফার্ড করেন। সিফাত হোসেন উপজেলা সদর হাসপাতাল থেকে চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে আসে। আইনুরের মাথায় অতিরিক্ত জখম ও রক্তক্ষরণ হওয়ায় চিকিৎসক রাজশাহীতে রেফার্ড করেন। এরপর আইনুর বিশ্বাসকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে আইসিইউতে স্থানান্তর করা হয়। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রাত ৩টার দিকে মৃত্যু হয়। ছোট ছেলে আইনুরকে হারিয়ে মা বাবা দিশেহারা হয়ে গেছেন। আইনুরের মত একজন তরতাজা যুবকের মৃত্যুতে গ্রামের বাড়ি জুড়ানপুরে শোকের ছায়া নেমে এসেছে।